গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইসিটি শাখা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থা সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অবহিতকরণ ও গৃহীতব্য কার্যক্রম সম্পর্কিত ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরূল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া -১ অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৪-০৫-২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৫০২) হতে সরাসরি ও ভার্চুয়াল পদ্ধতিতে |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভাকক্ষে উপস্থিত মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা থেকে আগত ইনোভেশন টিমের সদস্য এবং ভার্চুয়াল পদ্ধতিতে সংযুক্ত শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার-এর প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর-সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২৩ -এ অন্তর্ভুক্ত "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩" এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অবহিতকরণ ও গৃহীতব্য কার্যক্রম সম্পর্কিত ইনোভেশন টিমের আজকের এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতি আরোও জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে এটি ৪র্থ সভা।

২। সভাপতি 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী একটি উদ্ভাবনী উদ্যেগ বাস্তবায়নের জন্য উদ্যোগ নির্বাচন ও ইতঃপূর্ব বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যেগসমূহের তালিকা তৈরী ও সেগুলো চালুর বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য দপ্তর/সংস্থায় ইনোভেশন কর্মকর্তাকে অনুরোধ করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব মন্ত্রণালয়ের অধীন দপ্তর-সংস্থা সমূহের চলতি অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক(জানুয়ারি-মার্চ, ২০২৩) পর্যন্ত "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩" এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

৪। অত:পর, বিস্তারিত আলোচনান্তে নিম্ন লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কর্মসম্পাদন সূচক | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|
| [১.১.১] সেবা সহজিকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে নূ্যনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | দপ্তর-সংস্থা কর্তৃক গৃহীত/বাস্তবায়িত সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে প্রসেস ম্যাপসহ এ সংক্রান্ত সেবা চালুর আদেশ ওয়েবসাইটে প্রকাশ ও এর তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ | গত ১০-১০-২০২৩ তারিখে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তা সচল রাখার নিমিত্ত উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ | কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সেবাসমূহ চালু রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। |

| | |
|---|---|
| [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ | ই-ফাইলে নথি নিষ্পত্তির হার ৮৫% এর অধিক থাকতে হবে এবং পর্যায় ক্রমে নিষ্পত্তির হার শতভাগ অর্জন করতে হবে। |
| [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে। |
| [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ (ত্রৈমাসিক ভিত্তিতে) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ মোতাবেক ওয়েবসাইটের মেইন মেনু, সাব মেনু, সেবা বক্সসমূহের তালিকা প্রস্তুতপূর্বক স্ক্রিনশট ও হালনাগাদকরণের বিষয়ভিত্তিক তারিখ উল্লেখসহ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। |
| [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | মন্ত্রণালয়সহ পর্যায়ক্রমে সকল দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। |
| [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় | যে সকল দপ্তর-সংস্থায় ইনোভেশন কোডে অর্থ বরাদ্দ নেই তাদেরকে পরবর্তী অর্থবছরে কোড সংযোজনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়সহ যে সকল দপ্তর-সংস্থার অর্থ বরাদ্দ রয়েছে তাদেরকে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থ ব্যয় করতে হবে। |
| [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | সকল দপ্তর-সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে এর প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা | i) সকল দপ্তর/সংস্থাকে ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং এর বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ মন্ত্রণালয় থেকে প্রেরণ করতে হবে।<br>ii) সকল দপ্তর/সংস্থা ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী একটি উদ্ভাবনী উদ্যেগ বাস্তবায়নের জন্য বাস্তবায়নযোগ্য সম্ভাব্য উদ্ভাবনী উদ্যোগসমূহের একটি তালিকা তৈরি করবে এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

৫। জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক কৃতি খেলোয়াড়দের বিভিন্ন অর্জনের ডাটাবেজ তৈরির উদ্যোগ গ্রহণ এবং ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ক্রীড়া সামগ্রীসমূহ বিতরনের নিমিত্ত একটি ডাটাবেজ (সফটওয়্যার ভিত্তিক) উদ্ভাবনের বিষয়টি উদ্ভাবনী ধারণা হিসেবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও চিফ ইনোভেশন অফিসার সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব (ক্রীড়া -১ অনুবিভাগ) ও চিফ
ইনোভেশন অফিসার

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.০৫.০০১.২১.৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট,সাভার, ঢাকা।
৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার,, ঢাকা।
৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৬) যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭) পরিচালক , ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮) যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) উপসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব , প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) উপসচিব, বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) উপসচিব, পরিকল্পনা -১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় , ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬) অতিরিক্ত সচিব (ক্রীড়া -১ অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৭) অফিসার কপি।

অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার (সংযুক্ত)

'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩' এর বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অবহিতকরণ ও গৃহীতব্য কার্যক্রম সম্পর্কিত ইনোভেশন টিমের ৪র্থ সভার উপস্থিতি। (২৪-০৫-২০২৩)

| ক্রম | নাম, পদবি ও দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | কাজী মোস্তাফা জাহিদ, যুগ্মসচিব - MOYS | [signature] 28/5/23 |
| ২. | | |
| ৩. | মাহানাজ সুলতানা উপসচিব MOYS | [signature] 28/05/23 |
| ৪. | এ.কে.এম. শফিকুল ইসলাম, পরিচালক (প্র.শি.ও উন্নয়ন), যুউঅ. | [signature] 28/05/2023 |
| ৫. | সৈয়দ তাসলিমা আক্তার- [illegible] | [signature] 28/5/2023 |
| ৬. | [illegible] উপপরিচালক, ক্রীড়া পরিদপ্তর | [signature] 28/5/23 |
| ৭. | মোঃ [illegible] হোসেন, সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | [signature] 28/05/2023 |
| ৮. | মো: সাইফুল ইসলাম, নির্বাহী কর্মকর্তা | [signature] 28/5/23 |
| ৯. | অমলেন্দু বিশ্বাস, প্রোগ্রামার | [signature] 28/05/2023 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |